

■ হাদীস সম্মান

হাদিস নাম্বারঃ ১১৯৬

১০ / হজ্জ

পরিচ্ছেদঃ বিশেষ বিশেষ মসজিদের মাহাত্ম্য

আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ سُلَيْমَانَ بْنَ دَاؤِدَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا بَيْتَ الْمَقْدِسِ سَأَلَ اللَّهَ عَزَّ وَجَلَّ خَلَالًا ثَلَاثَةَ سَأَلَ اللَّهَ عَزَّ وَجَلَّ حُكْمًا يُصَادِفُ حُكْمَهُ فَأُوتِيَهُ وَسَأَلَ اللَّهَ عَزَّ وَجَلَّ مُلْكًا لَا يَنْبَغِي لِأَحَدٍ مِنْ بَعْدِهِ فَأُوتِيَهُ وَسَأَلَ اللَّهَ عَزَّ وَجَلَّ حِينَ فَرَغَ مِنْ بَنَاءِ الْمَسْجِدِ أَنْ لَا يَأْتِيهِ أَحَدٌ لَا يَنْهَزُهُ إِلَّا الصَّلَاةُ فِيهِ أَنْ يُخْرِجَهُ مِنْ خَطِيئَتِهِ كَيْفُمْ وَلَدَتْهُ أُمُّهُ

বাংলা

(১১৯৬) আব্দুল্লাহ বিন আমর (রাঃ) হতে বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, সুলাইমান বিন দাউদ (আঃ) যখন বায়তুল মাকদিস নির্মাণ করেন, তখন তিনি আল্লাহ আয়া অজাল্লার নিকট তিনটি বিষয় প্রার্থনা করলেন; তিনি আল্লাহ আয়া অজাল্লার নিকট এমন বিচার মীমাংসা প্রার্থনা করলেন যা তাঁর মীমাংসার অনুরূপ হয়। তাঁকে তাই দেওয়া হল। তিনি আল্লাহ আয়া অজাল্লার নিকট এমন সাম্রাজ্য চাইলেন যা তাঁর পরে যেন কেউ পেতে না পারে। তাই তাঁকে প্রদান করা হল। আর তিনি যখন মসজিদ নির্মাণ শেষ করলেন, তখন আল্লাহ আয়া অজাল্লার নিকট প্রার্থনা করলেন যে, যে ব্যক্তি কেবলমাত্র নামায়ের উদ্দেশ্যেই ঐ মসজিদে উপস্থিত হবে, সে ব্যক্তি যেন ঐ দিনকার মত নিষ্পাপ হয়ে ফিরে আসে; যেদিন তার মা তাকে প্রসব করেছিল।

ফুটনোট

(নাসাঈ ৬৯৩, ইবনে মাজাহ ১৪০৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আব্দুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=64944>

hadithbd.com

হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন